

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

নং-৫২.০১.০০০০.৫০১.১৪.৮২৭.২২. ২৩২


তারিখ: ০৬ ফেব্রুয়ারি, ১৪৩১  
১৯ ফেব্রুয়ারি, ২০২৫

বিষয়ঃ 'Multiple Indicator Cluster Survey (MICS) 2025' জরিপ পরিচালনায় সহযোগিতা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা মন্ত্রণালয়ধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপন বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৯৩ সাল থেকে 'Multiple Indicator Cluster Survey (MICS)' জরিপ পরিচালনা করে আসছে। বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে ৭ম রাউন্ড 'Multiple Indicator Cluster Survey (MICS) : Round 7 (2024-2025)' কার্যক্রম পরিচালনা করছে। এটি একটি বিশ্বব্যাপী পরিচালিত খানা জরিপ। এই জরিপের মাধ্যমে দেশের মোট ৬২,৯৮০টি খানা হতে জনগণের আর্থ-সামাজিক অবস্থা, মা ও শিশুদের স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, প্রতিবন্ধিতা, বিবাহ, স্যানিটেশন এন্ড হাইজিন, খাবার পানির গুণগত মান পরীক্ষা, লবণের মান পরীক্ষা ইত্যাদি সংক্রান্ত তথ্য ট্যাবের মাধ্যমে সংগ্রহ করা হবে। MICS 2025 জরিপে প্রথমবারের মতো গর্ভবতী নারীদের রক্তস্বল্পতা (অ্যানিমিয়া) পরীক্ষা এবং ০১ থেকে ০৪ বছর বয়সী শিশুদের রক্তে সীসার স্তর ও অন্যান্য ভারী ধাতু, মাইক্রোনিউট্রিয়েন্ট এর উপস্থিতি মূল্যায়নের জন্য রক্তপরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে। প্রায় ৩০টি এসডিজি ইন্ডিকেটরসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সেক্টরসমূহের ইন্ডিকেটর প্রভুতের লক্ষ্যে এ জরিপটি পরিচালিত হবে। এই জরিপ হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রভুতকৃত সূচকসমূহ দেশের বিভিন্ন কৌশলগত পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এসডিজি এর বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটর এর অগ্রগতি পরিবীক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

২। আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দেশের মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের আর্থ-সামাজিক জরিপ ও শুমারি পরিচালনা করে থাকে। তারই ধারাবাহিকতায় 'Multiple Indicator Cluster Survey (MICS) 2025' জরিপ পরিচালিত হচ্ছে। এ জরিপ কার্যক্রম সারাদেশব্যাপী আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. হতে ৩০ জুন, ২০২৫ খ্রি. পর্যন্ত চলবে। এটি একটি খানাভিত্তিক জরিপ। এ জরিপের তথ্য সংগ্রহ কাজে নির্বাচিত খানা হতে যাতে সহযোগিতা প্রদান করা হয় সে বিষয়ে প্রশাসন হতে নির্দেশনা প্রদান করা হলে তথ্য সংগ্রহ কার্যক্রম সহজতর হবে। তথ্য সংগ্রহ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত সুপারভাইজার, মেজারার, ফ্লেবোটেমিস্ট ও মহিলা তথ্য সংগ্রহকারীগণ মাঠপর্যায়ে অবস্থানকালীন সময়ে তাদের আবাসিক ব্যবস্থা, নিরাপত্তাসহ অন্যান্য বিষয়েও আপনার সহযোগিতা একান্ত প্রয়োজন।

৩। বর্ণিত প্রেক্ষাপটে আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ হতে চলমান 'Multiple Indicator Cluster Survey (MICS) 2025' এর তথ্য সংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা কামনা করছি।

  
মোহাম্মদ মিজানুর রহমান  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোন: ০২-৫৫০০৭০৫৬  
ই-মেইল: dg@bbs.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার (সকল), ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ রংপুর/ সিলেট/ ময়মনসিংহ বিভাগ।
২. ডিআইজি / পুলিশ কমিশনার ..... রেঞ্জ / মেট্রোপলিটন পুলিশ।

চলমান পাতা

৩. জেলা প্রশাসক (সকল).....জেলা।
৪. পুলিশ সুপার (সকল) .....জেলা।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).....উপজেলা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
৩. স্ট্যাটিস্টিক্স এন্ড মনিটরিং স্পেশালিষ্ট, ইউনিসেফ বাংলাদেশ।
৪. স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
৫. অফিস কপি।